দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 06 AUG 2015
পৃষ্ঠা ... ১৩ কলাম ... ২ ......

# জয়পুরহাটে শিক্ষা কর্মকর্তাকে মারপিট আওয়ামী লীগ নেতা গ্রেফতার

■ জয়পুরহাট প্রতিনিধি

জয়পুরহাটের আক্কেলপুর উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে মারপিটের ঘটনায় গত মঙ্গলবার উপজেলা আওয়ামী লীগ নেতা ইমদাদুল হক খোকনকে গ্রেফতার করেছে পুলিশ।

আক্কেলপুর থানার ওসি জানান, গত সোমবার আক্কেলপুর বালিকা উচ্চ বিদ্যালয়ের নিয়োগ সংক্রান্ত বিষয়ে আলোচনা সভা চলছিল। এ সময় বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির সদস্য ও উপজেলা আওয়ামী লীগের ক্রীড়া সম্পাদক ইমদাদুল হক খোকন উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জিল্লুর রহমানের সাথে বাকবিতন্ডায় জড়িয়ে পরে। এক পর্যায় ইমাদাদুল হক খোকন ওই শিক্ষা কর্মকর্তাকে মারপিট করে। এঘটনায় ওই মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা থানায় মামলা দায়ের করেন।